[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

৪০ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে।

গ্রেফতারকৃত জামিরুল ইসলাম আকাশ পৌরসভাধীন সুড়া গ্রামের নূরুল ইসলামের ছেলে এবং মিজানুর রহমান দৌলতপুর ইউনিয়নের ফতেপুর গ্রামের আব্দুর রশিদের ছেলে।

হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, এ ঘটনায় হরিণাকুণ্ডু থানায় মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে, যার নং ০৪ তাং ১২/০১/২০২১। আজ বুধবার সকালে আসামীদের ঝিনাইদহ কোর্ট হাজতে প্রেরণ করা হয়েছে ।

চুয়াডাঙ্গায় করোনায় এক জনের মৃত্যু

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে করোনা উপসর্গ নিয়ে শাফা উদ্দিন (৬৬) নামে একজনের মৃত্যু হয়েছে। তিনি বড় গাংনীর বাসিন্দা।

আজ সকাল সাড়ে সাতটার সময় তিনি চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেন।

পরিবার সূত্রে জানা গেছে, গত ৫ জানুয়ারি করোনা উপসর্গ নিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি হন। আজ সকালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেন।

এখন পর্যন্ত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে করোনা রোগী ভর্তি আছেন ৩ জন। আজ নতুন করে করোনা উপসর্গ নিয়ে ভর্তি হয়েছেন আরও দুইজন মোট করোনা উপসর্গ নিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি আছেন ১০ জন।

ঝিনাইদহে করোনা ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা মূলক কর্মশালা অনুষ্ঠিত

ঝিনাইদহে মহামারি করোনা ভাইরাস ও ডেঙ্গু প্রতিরোধ বিষয়ে জেলায় কর্মরত সাংবাদিকদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

জেলা স্বাস্থ্য বিভাগের আয়োজনে বুধবার সকালে সিভিল সার্জনের সম্মেলন কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

এসময় বক্তব্য রাখেন ঝিনাইদহের সিভিল সার্জন ডা: সেলিনা বেগম, মেডিকেল অফিসার ডা: শারমিন নাহার, ডা: তালাদ তাসনিম, স্বাস্থ্য শিক্ষা বিষয় সিনিয়র অফিসার আব্দুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হানসহ অন্যান্যরা।

এসময় বক্তারা, মহামারি করোনা ও ডেঙ্গু কিভাবে ছড়াই সেব্যাপারে সচেতনতা ও প্রতিরোধে সমাজের সর্বস্তরের মানুষকে স্বাস্থ্য বিধি মেনে চলাসহ পরিস্কার পরিচ্ছন্ন থাকার আহ্বান জানান।

গাংনীতে ৮ কৃষকের ১২ বিঘা জমির ফসল বিনষ্ট

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের হোগলবাড়ীয়া গ্রামের মাঠে ১২ বিঘা জমির গম ও মসুরী খেত বিনষ্ট করেছে দুর্বৃত্তরা। এতে ক্ষতিগ্রস্ত হয়েছেন ৮ জন কৃষক। ভুক্তভোগী কৃষকের দাবী, গ্রামের প্রতিপক্ষ মতিয়ার রহমান ও তার লোকজন পরিকল্পিতভাবে কীটনাশক প্রয়োগ করে তাদের ফসল বিনষ্ট করেছে।

তবে এ দাবী অস্বীকার করে মতিয়ার রহমান জানিয়েছেন, বর্তমান যারা ওই জমি দখল করে চাষাবাদ করছেন তারাই নিজেদের ফসল নিজেরাই নষ্ট করে আমাদেরকে ফাঁসাতে চাইছেন।

ওই সম্পত্তি। পরবর্তীতে ১৮ একর সম্পত্তি খাইরুল ইসলাম ক্রয় করেন। স্থানীয় বর্গা চাষিরা ওই জমি বর্গা নিয়েই একযুগ ধরে ফসল ফলিয়ে আসছেন।

প্রতিপক্ষ মতিয়ার রহমান জানান, যারা অভিযোগ করছে তাদের কোন দলিলপত্র নাই। তাছাড়া আদালতে মামলা চলমান তাই তারা নিজেই ফসলের ক্ষতি করে আমার বা আমার আত্মীয়-স্বজনের উপর দোষ চাপানোর চেষ্টা করছে। এটা সম্পুর্ণ মিথ্যা ও বানোয়াট।

গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা কে এম শাহাবুদ্দিন জানান, এ ধরনের কোন লিখিত অভিযোগ পাওয়া যায়নি। তবে অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা গ্রহণে সহায়তা করা হবে।

গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, ফসল বিনষ্টের কোন অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে খাদ্যের নিরাপদতা শীর্ষক সেমিনার

মেহেরপুরের গাংনীতে মুজিব বর্ষে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরন করে উপজেলা পর্যায়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষে খাদ্যের নিরাপদতা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১১টার দিকে গাংনী উপজেলা সম্মেলন কক্ষে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের আয়োজনে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, সাবেক উপজেলা চেয়ারম্যান একেএম শফিকুল আলম, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, উপজেলা কৃষি অফিসার কে এম শাহাবুদ্দিন, গাংনী প্রেসক্লাবের সভাপতি রমজান আলী ও বাজার কমিটির সভাপতি মাহবুবুর রহমান স্বপন।

অনুষ্ঠানে ব্যবসায়ী, চাকরি জীবি, আইনজীবি, পুলিশ, শিক্ষক ও সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণিপেশার মানুষ উপস্তিত ছিলেন।

এসময় ভেজাল খাদ্য বিষয়ক প্রামণ্য চিত্র প্রদর্শন করা হয়।

চুয়াডাঙ্গায় বিএনসিসি ২৩ ব্যাটালিয়ন এর উদ্যোগে মাস্ক ও কম্বল বিতরণ

চুয়াডাঙ্গায় বিএনসিসি এর উদ্যোগে মাস্ক ও কম্বল বিতরণ করা হয়েছে। আজ বুধবার সকালে চুয়াডাঙ্গা সরকারি কলেজ হতে বড়বাজার হাসান চত্বরে পর্যন্ত র্যালী করে বড়বাজার হাসান চত্বরে কম্বল বিতরণ ও মাস্ক বিতরণ করেন।

এসময় অংশ গ্রহণ করেন সুন্দরবন রেজিমেন্টের অন্তর্ভুক্ত ৬ টি প্রতিষ্ঠান।

চুয়াডাঙ্গা জেলার ছয়টি ইউনিট হলো- চুয়াডাঙ্গা সরকারি কলেজ, ভি জে সরকারি উচ্চ বিদ্যালয়, সরোজগঞ্জ উচ্চ বিদ্যালয়, জীবননগর ডিগ্রী কলেজ, দর্শনা সরকারি কলেজ ও এম এ বারী উচ্চ বিদ্যালয়।

কম্বল বিতরণ অনূষ্ঠানে মেজর মোঃ জসীম উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রাশীদ।
এসময় আরো উপস্থিত ছিলেন, সার্জেন্ট অনিত হাসান ও সার্জেন্ট টি জে তানভীর।

আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে কে হচ্ছে নৌকার মাঝি?

আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে কে হচ্ছে নৌকা নৌকার মাঝি। আজ বুধবার বিকালে মন্ত্রাণালয়ের নির্বাচন কমিটির মিটিং এর মাধ্যমে ঘোষণা দিবেন।

এ নিয়ে এলাকাজুড়ে চলছে নিস্তব্ধতা। থমকে আছে রাজনৈতিক কর্মকাণ্ড। সকল কর্মীরা তাকিয়ে আছে কেন্দ্রের দিকে।

আলমডাঙ্গা পৌরসভা নির্বাচন উপলক্ষে আওয়ামীলীগের ৭ জন ও কৃষকলীগের ১ জন মনোনয়ন পত্র জমা দেন।

বর্তমানে নমিনেশন প্রাপ্তি সকল নেতাকর্মীরা ঢাকায় অবস্থান করছে। নৌকা পেতে চলছে কেন্দ্রীয় লবিং।

নৌকা পেতে সবাই আশাবাদী। সোশ্যাল মিডিয়া ফেসবুক জুড়ে চলছে দোয়া কামণা সহ দিচ্ছে উন্নয়ন মূলক প্রতিশ্রুতি।

এদিকে, গতকাল মঙ্গলবার আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে বিএনপির নমিনেশন পেলেন সাবেক মেয়র আলহাজ্ব মীরমহি উদ্দিন।

বিএনপির পক্ষ থেকে নমিনেশন পেলেও কোন নেতাকর্মীদের উল্লাস অথবা দেখা যায়নি নির্বাচন মাঠে।

মুজিবনগরে ৪৪ বোতল ফেনসিডিলসহ ভাই-বোন আটক

মুজিবনগরে ৪৪ বোতল ফেনসিডিলসহ রাজু আহম্মেদ(৩৫) ও কামিনি খাতুন
(৩৮) নামের দুইজন মাদক ব্যাবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। তারা উভয়েই দুইজন আপন ছোট-বড় ভাই বোন।
বুধবার দুপুরে মুজিবনগর উপজেলার দারিয়াপুর কালীতলা মোড় থেকে

তাদের আটক করা হয়।
আটককৃত উভয়েই মেহেরপুর সদর উপজেলার বাড়িবাকা গ্রামের খোদা বক্স এর ছেলে-মেয়ে।
মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান,মাদক ব্যাবসায়ীরা ফেনসিডিল ক্রয় করে দারিয়াপুর থেকে বাসে উঠে ঢাকা যাবে এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এসআই মোমিনুর রহমান ও এএসআই নাজমুল হাসান সেখানে অভিযান চালায়। পরে মাদক ব্যাবসায়ীদের দারিয়াপুর কালীতলার মোড়ে দেখতে পেলে তাদের শরির তল্লাশী করা হয়।
শরীর তল্লাশী করে ল্যাপটপের ব্যাগের ভিতরে সাজিয়ে রাখা ৪৪ বোতল ফেনসিডিল পাওয়া যায়।
এ সময় ফেনসিডিলসহ হাতেনাতে আটক করে থানায় নিয়ে আসা হয়।
তাদের নামে মাদকের মামলা পক্রিয়াধীন।

স্বাধীনতা সড়ক পরিদর্শনে মেহেরপুরে আসছেন এলজিআরডি মন্ত্রী

মুজিবনগরে স্বাধীনতা সড়কসহ বিভিন্ন উন্নয়ন কাজ পরিদর্শন করতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম মেহেরপুরে আসছেন আগামীকাল বৃহস্পতিবার ।
মন্ত্রীর একান্ত সচিব মোহাম্মদ নুরে আলম সিদ্দিকী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।
বিজ্ঞপ্তিতে জানা গেছে, সকাল ৯টার সময় ঢাকা থেকে হেলিকপ্টারযোগে রওয়ানা হয়ে মুজিবনগর হেলিপ্যাডে অবতরণ করবেন সকাল ১০টায়। মুজিবনগর স্মৃতিসৌধে শ্রদ্ধাজ্ঞলি নিবেদন শেষে স্বাধীনতা সড়কসহ এলজিইডির বাস্তবায়িত বিভিন্ন উন্নয়ন কাজ পরিদর্শন করবেন। দুপুরে মেহেরপুর সার্কিট হাউজে মধ্যহৃ ভোজ শেষে লালমসিরহাটের উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করবেন।
মন্ত্রীর একান্ত সচিব, সহকারী একান্ত সচিব, জনসংযোগ কর্মকর্তা সফরসঙ্গী হবেন।